গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ



স্মারক নং-জাককানইবি/গপিফেনো/২০২৬-২৭ তারিখ: ২৪/১১/২০২৬ খ্রি.

জাককানইবি পিএইচডি ফেলোশিপ ২০২৬-২০২৭

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পিএইচডি গবেষকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ে ইউজিসি কর্তৃক বাৎসরিক বরাদ্দের বিপরীতে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য পিএইচডি ফেলোশিপের আবেদন আহ্বান করা হলো। আগ্রহী গবেষকগণকে **আগামী ১০/১২/২০২৬ তারিখের** মধ্যে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নির্ধারিত ফরমে **পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়** বরাবর আবেদন করতে হবে।

শর্তাবলি:

১. আবেদনের যোগ্যতা: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পিএইচডি নীতিমালায় বর্ণিত যোগ্যতার আলোকে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত গবেষকবৃন্দ পিএইচডি ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন।
২. আগ্রহী গবেষককে সুপারভাইজার, বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট অনুষদের ডিন মহোদয়ের সুপারিশসহ আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর সকল একাডেমিক রেকর্ড, গবেষণা অভিজ্ঞতা ও গবেষণা-সংশ্লিষ্ট অন্যান্য তথ্য (যদি থাকে) এবং গবেষণা প্রস্তাবনার কপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
৩. চাকরিরত প্রার্থীদের ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে প্রার্থীকে পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে।
৪. আবেদনকারী সরকারি-বেসরকারি অথবা অন্য কোনো সংস্থা হতে ইতোমধ্যে ফেলোশিপ প্রাপ্ত হলে এই বিশ্ববিদ্যালয়ে ফেলোশিপ প্রাপ্তির সুযোগ নেই।
৫. ফেলোশিপের মেয়াদ সর্বোচ্চ ০৩ (তিন) বছর। নির্ধারিত সময়ের মধ্যে পিএইচডি সম্পনড়ব করতে ব্যর্থ হলে অতিরিক্ত সময়ের জন্য ফেলোশিপ প্রদান করা হবে না।
৬. প্রতি ০৬ (ছয়) মাস অন্তর সুপারভাইজার কর্তৃক প্রদত্ত অগ্রগতি প্রতিবেদন, বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট অনুষদীয় ডিন মহোদয়ের সুপারিশ-সংবলিত আবেদনের ভিত্তিতে পরবর্তী ০৬ (ছয়) মাসের ফেলোশিপের মেয়াদ বৃদ্ধি করা হবে।
৭. গবেষণা ফেলোশিপ পরিচালনা পর্ষদের যেকোনো সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা:

- মাসিক ফেলোশিপের পরিমান: **শিক্ষার্থী প্রতি ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা**। এছাড়াও দেশি-বিদেশি কনফারেন্সে অংশগ্রহণ,আর্টিকেল প্রকাশনা ফিসহ বিধি মোতাবেক অন্যান্য সুযোগ-সুবিধা রয়েছে।

Habib 24.11.26

(অধ্যাপক ড. মো. হাবিবুর রহমান)
পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি:
০১. সকল অনুষদীয় ডিন, জাককানইবি;
০২. সকল বিভাগীয় প্রধান, জাককানইবি।